উপজেলা পরিষদ কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

জানুয়ারি ২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যাবিবরণী

সভাপতি	: জনাব সুব্রত ঠাকুর,চেয়ারম্যান,উপজেলা পরিষদ কাশিয়ানী।
সভার স্থান	: উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার তারিখ	: ১৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ।
সময়	: সকাল ১১:০০ মিঃ।
উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট "ক"।

সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত নবনির্বাচিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে এবং সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৯ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যাবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর স্ব-স্ব বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। স্বাস্থ্য বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট কাশিয়ানী উপজেলা হাসপাতাল জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী ১২ থেকে ১৮ বছর বয়সের শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিনের কার্যক্রম চলছে । তিনি আরো জানান যে, বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ১ম, ও ২য় ডোজের করোনা টিকার কার্যক্রম চলমান রয়েছে । এছাড়াও বুস্টার ডোজের টিকা প্রদান করা হচ্ছে। কাশিয়ানী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিছন্নতা কর্মী অপ্রতুল থাকায় স্বাস্থ্য সেবা ব্যাহত হচ্ছে মর্মে তিনি উলল্লেখ। কাশিয়ানী সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডে পিংগলীয়া গ্রামে একটি কমিউনিটি ক্লিনিক নির্মানের প্রস্তাব করেন । উপজেলা নির্বাহী অফিসার জানান যে, করোনা প্রতিরোধে সরকারের ১১ দফা স্বাস্থ্য বিধি নিষেধ পালনে সকলের সহযোগিতা প্রয়োজন। এছাড়া তিনি আরো জানান যে,কমিউনিটি ক্লিনিকে প্রতি মাসের ঔষুধ বক্স সংলিষ্ট কমিউনিটি ক্লিনিকের সভাপতির উপস্থিতিতে খোলার যেতে পারে । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিচ্ছন্নতার উপর গুরুত্ব আরোপ করেন । সভাপতি মহোদয় করোনা সচেতনতায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সামাজিকভাবে জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	০১) সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে করোনা টিকা কার্যক্রম ও কোভিড সংক্রমন প্রতিরোধে ১১ দফা সরকারি নির্দেশনা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করতে হবে । ০২) কাশিয়ানী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিচ্ছনাতা কর্মীর অপ্রতুলতা আছে এবিষয়ে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ০৩) কাশিয়ানী সদর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে পিংগলীয়া গ্রামে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন করতে হবে। ০৪) কমিউনিটি ক্লিনিকের প্রতি মাসের ঔষুধ বক্স সভাপতির উপস্থিতিতে খুলতে হবে। ০৫) টিকা কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে।	তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট কাশিয়ানী উপজেলা ও উপজেলা নির্বাহী অফিসার।

২। উপজেলা প্রকৌশলী বিভাগঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি ১ম কিস্তির বরাদ্দ ২১.১৭ লক্ষ টাকা পাওয়া গেছে। ৪কিস্তির সম্ভাব্য মোট বরাদ্দ ৮৪.৬৮ লক্ষ টাকা এবং উন্নয়ন তহবিলের ১২০ লক্ষ টাকা। সভায় উপজেলা পরিষদের সদস্যদের স্কিম দাখিল করার জন্য আহব্বান করা হয় । স্কিম পাওয়া গেলে যাচাই বাছাই করে টেন্ডার আহব্বান করা হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, যে সকল ঠিকাদার নির্দিষ্ট সময়ের মধ্য কাজ শেষ করতে পারেন না, তাদের অতিরিক্ত সময় দিয়েও কাজ শেষ করতে পারে নাই সে সকল ঠিকাদার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করার প্রয়োজন । তিনি সকল ধরণের উন্নয়ন প্রকল্পের একটি তালিকা সহ প্রয়োজন অনুযায়ী পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করার জন্য নবনির্বাচিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন । যে সকল ইউনিয়ন পরিষদ সংস্কার করা প্রয়োজন সে সকল ইউনিয়ন পরিষদের সভার রেজুলেশনসহ উপজেলায় প্রস্তাব প্রেরণ করা জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয় ।	০১) ২০২১-২২ অর্থ বছরের এডিপি এর স্কিম যথাসময় দাখিল করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে। ০৩) জনদুর্ভোগ সৃষ্টিকারি ধীর গতির ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে । ০৪) ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিকি পরিকল্পনা প্রনয়ন করতে হব । ০৫) ইউনিয়ন পরিষদের সভার কার্যবিরণীসহ ইউনিয়ন পরিষদ ভবন সংস্কারের প্রস্তাব করতে হবে ।	০১ । উপজেলা প্রকৌশলী কাশিয়ানী, গোপালগঞ্জ । ০২ । সকল দপ্তর প্রধান ০৩ । ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) । ০১ । উপজেলা প্রকৌশলী কাশিয়ানী ।

০৩ । কৃষি বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভাকে জানান যে, রবি মৌসুমে বেশি কৃষি কাজ করা হয়। প্রতিটি ইউনিয়ন পরিষদ তিনটি করে কৃষি ব্লক এবং প্রতিটি ব্লকে একজন করে উপ-সহকারী কৃষি কর্মকর্তা রয়েছেন। কৃষকদের মধ্যে কৃষি প্রনোদনা প্রদান করা হয়েছে। উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে কৃষির বিভিন্ন নতুন নতুন বিষয় নিয়ে উঠান বৈঠক করে বিভিন্ন বীজ, সার, কীটনাশক, আধুনিক চাষ পদ্ধতি নিয়ে কৃষকদের সচেতন করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহিত হয় ।	০১) কৃষি সংক্রান্ত আধুনিক প্রযুক্তি কৃষকদের অবহিত করার জন্য ব্লক পর্যায়ে উঠান বৈঠকের আয়োজন করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, কাশিয়ানী

৪। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভাকে জানান যে, উপজেলা প্রাণিসম্পদ কার্যলায় চিৎকিসা সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত সেবা কার্যক্রম প্রদান করা হয় । বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে । উপজেলা নির্বাহী অফিসার গবাদিপশুর দানাদার খাবারের মান, মেয়াদ, এবং লাইসেন্স বিষয়ে দোকানে অভিযান পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন ।	০১) গবাদিপশুর দানাদার খাবারের মান, মেয়াদ, লাইসেন্সও ভেটোনারি ফার্মাসিতে অননুমোদিত ঔষদের বিষয়ে অভিযান পরিচালনা করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে ।	০১ । উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।

৫। উপজেলা মৎস্য অধিদপ্তর ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা মৎস্য অফিসার জানান যে, কাশিয়ানীতে দশ হাজারের উপর ম্যাজিক জাল আছে। ম্যাজিক জাল, ব্যবহার,	০১) ম্যাজিক জাল ,ব্যবহার ও খাল সেচে মাছ ধরা বন্ধ করতে বিশেষ	০১) উপজেলা মৎস্য কর্মকর্তা কাশিয়ানী ।

	ও খাল সেচে মাছ ধরা বন্ধ না করতে পারলে দেশীয় প্রজাতি মাছ রক্ষা যাবে না। প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদ ও মৎস্য অধিদপ্তর একসাথে বসার কথা থাকলে ও বসার স্থান নাই । ইউনিয়ন পরিষদে মৎস্য ও অফিসের কর্মীদের বসার স্থান বরাদ্দ করার জন্য তিনি অনুরোধ করেন।	অভিযান পরিচালনা করতে হবে । ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে ।	০২) চেয়ারম্যন (সকল)

৬। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কাশিয়ানী উপজেলায় রাজপাট ও রামদিয়া ইউনিয়নে দুইটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র আছে এবং প্রতিটি ইউনিয়নে চারজন কর্মী আছে । মাও শিশু কল্যান কেন্দ্র জনবরের সংকট রয়েছে। মা ও শিশু কল্যাণ সেবা কেন্দ্রে বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। এছাড়া প্রতিটি ইউনিয়নে পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার শুন্য পদের তথ্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন ।	০১) পরিবার পরিকল্পনা বিভাগের শুন্য পদের তথ্য উপজেলা নির্বাহী অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	০১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ । ০২) চেয়ারম্যন (সকল) ।

০৭। উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কর্মকর্তা সভাকে জানান যে, ইজিপিপি এর কাজ চলমান এবছর ইজিপিপিতে শ্রমিকের মজুরীর টাকা বিকাশ এর মাধ্যমে প্রদান করা হবে। কাবিখা, কাবিটা, টিআর, সব ধরণের প্রকল্প জমা দেয়ার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। মর্মে তিনি উল্লেখ করেন। তিনি কম্বল বিতরণের মাষ্টার রোল জমা দেয়ার অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার স্কিম সিলেকশন করার সময় জনবান্ধব প্রকল্প নেওয়ার জন্য অনুরোধ করেন। কম্বল বিতরণসহ সকল উপকারভোগী নির্বাচনে পরিবার পরিচিতি কার্ড ব্যবহার করার নির্দেশনা প্রদান করেন।	০১) কাবিখা, কাবিটা, টিআর, প্রকল্পের তালিকা ৩ দিনের মধ্যে জমা দিতে হবে। ০২) সকল উপকারভোগী নির্বাচনে আবশ্যিকভাবে পরিবার পরিচিতি কার্ড ব্যবহার করতে হবে। ০৩) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কর্মকর্তা কাশিয়ানী।

৮। সমাজসেবা বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	সহকারী সমাজসেবা অফিসার সভাকে জানান যে, সকল প্রকার উপকারভোগীর ভাতার টাকা ইএফটি'র মাধ্যমে প্রদান করার জন্য পে রোল প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে ।	০১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা সমাজ সেবা অফিসার, কাশিয়ানী।

৯। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ১২৫ নং সিংগা স্কুলের ভবন না থাকায় পাশের মন্দিরে ক্লাস নেয়া হচ্ছে ।	০১) উপজেলায় কতগুলো স্কুলে	উপজেলা শিক্ষা কর্মকর্তা, কাশিয়ানী

	উপজেলায় কতগুলো স্কুলে নতুন ভবন ও সীমানা প্রাচীর প্রয়োজন তার একটি তালিকা প্রণয়ন করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন।	নতুন ভবন ও সীমানা প্রাচীর প্রয়োজন তার একটি তালিকা প্রণয়ন করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।	।

১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, এস,এসসি এবং এইচ, এস, সি শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিনের ১ম ডোজ দেওয়া হয়েছে। দ্বিতীয় ডোজের টিকা দেওয়ার প্রয়োজন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	০১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কাশিয়ানী।

১১ । উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বেকার যুবাদের ড্রাইভিং লাইসেন্সের প্রশিক্ষণ দেয়া হবে। আসন সংখ্যা ১২৫টি। আগ্রহী যবাদের উপজেলা যুব উন্নয়ন অফিসে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার প্রশিক্ষনার্থীদের তালিকা প্রশিক্ষন ব্যবস্থাপনা সিস্টেমে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	০১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাশিয়ানী।

১২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা মহিলা বিয়ষক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।	০১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাশিয়ানী।

১৩। উপজেলা সমবায় বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা সমবায় অফিসার জানান যে, সমবায় অফিস বিভাগীয় কাজের পাশাপাশি আশ্রয়ন প্রকল্পে ঋণ প্রদান করে থাকে। আশ্রয়ণ প্রকল্প জরাজীর্ণ থাকায় অনেকে আশ্রয়ন কেন্দ্রে নিয়মিত থাকছে না তাই সময়মত ঋণ আদায় সম্ভব হচ্ছে না এবং নতুন ঋণ প্রদান হচ্ছে না তবে অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে । উপজেলা নির্বাহী অফিসার সমিতিগুলো নিয়মিত অডিট করার নির্দেশনা প্রদান করেন।	০১) সমিতিগুলো নিয়মিত অডিট করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, কাশিয়ানী।

১৪। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভিন্ন সমিতির উপযুক্ত সদস্যদের মধ্যে কোভিড-১৯ এর সহায়তা উপলক্ষ্যে ২ কোটি ১২ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে।	বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখত হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাশিয়ানী।

১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা নির্বাহী অফিসার অ্যাপসের মাধ্যমে নলকূপের ইনভেন্টরি প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে উপ-সহকারী প্রকৌশলী জানান যে, কিট স্বল্পতার কারণে এখনো শুরু করা হয়নি জাপান থেকে কিট এলে ইনভেন্টরি প্রস্তুত শুরু হবে। উপজেলা নির্বাহী অফিসার, ৭০০ ফিট বোরিং করে যে লেয়ারে ভাল মানের পানি পাওয়া যাবে সেখানে টিউবওয়েল স্থাপন করতে হবে এবং যে সকল টিউবওয়েলের গোড়া এখনো পাকা করা হয়নি সেগুলো দ্রুত পাকা করার ব্যবস্থা করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।	০১) যথাযথ গভীরতা নিশ্চিত করে টিউবয়েল স্থাপনও টিউবয়েল গোড়া পাকা করতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কাশিয়ানী, গোপালগঞ্জ।

১৬। বন বিভাগ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	উপজেলা ফরেস্টার জানান যে, ১৪টি ইউনিয়ন পরিষদে ১০০০ টি করে চারা বিতরণের কার্যক্রম চলমান আছে। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। রাস্তার পাশ্বের গাছ কাটার বিষয়ে যথাযথ সর্তকতা ও কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	০১) রাস্তার পাশ্বে গাছ কাট বা ছাটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণ করেতে হবে। ০২) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা ফরেস্টার কাশিয়ানী,গোপালগঞ্জ।

১৮। বিবিধ ঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
০১	চেয়ারম্যান ওড়াকান্দি ইউনিয়ন পরিষদ পরাণপুর পশুরহাট বিষয়ে জানান যে, গত বছর সরকার নির্দেশিত লকডাউনের কারণে দুই মাসে ৮ টি হাট বসানো যায়নি এজন্য হাট ইজারাদার ক্ষতির সম্মুখীন হয়েছেন। ইজারাদ কর্তৃক প্রতি হাটে চার লক্ষ পঁঞ্চাশ হাজার টাকা সরকারি কোষাগারে জমা করতে হয়েছে তাতে দেখা যায় যে, মোট ছত্রিশ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। তিনি ইজারাদরের ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে হাটবাজার ব্যবস্থাপনা নীতিমালা ২০১১ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করা সমচীন মর্মে সভায় একমত পোশন করা হয়।	০১) পরাণপুর পশুরহাট ইজারাদারের ক্ষতিপূরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০২) উপজেলা পরিষদের ২য় সম্প্রসারিত প্রশাসনিক ভবন নির্মাণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। ০৩) ২০২১-২০২২ অর্থবছরে	উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার কাশিয়ানী,গোপালগঞ্জ।

	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলায় দপ্তর সমূহের অফিসের জায়গা সংকুলন করার নিমিত্ত ২য় সম্প্রসারিত প্রশাসনিক ভবন নির্মাণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে ঐকমত্য হয়। তিনি আরো জানান যে,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে ১৬/০২/২০২০ ইং তারিখে ২৬৪ নং স্মারক অনুমোদিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঘ) **অপ্রত্যাশিত খাতে ব্যয়:** কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পুনর্বাসন, ঘুর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে । এ অর্থবছরে ২৫০০০ টাকা ব্যয় করা হয়েছে। সুবিধা ভোগীদের আবেদনের প্রেক্ষিতে অবশিষ্ট ৪৭৫০০০/-(চার লক্ষ পচাত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ কর হয়। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের মালি হিসাবে ২৩ দিন এবং পরিচ্ছন্নকর্মী হিসাবে ২৩ দিন মোট ৪৬ দিনের জন্য দৈনিক ভিত্তিক মজুরী মঞ্জুর করা প্রয়োজন। (ঙ) আলোচনায় উপজেলা চেয়ারম্যান জানান যে, স্থানীয় সরকার কতৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিরচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অ বছরের জন্য ৫০ (পঁঞ্চাশ) লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। সভায় আলোচনা শেষে সকলের সাথে একমত হয়ে নিম্ন লিখিত প্রকল্প দুটি'র প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। ১। উপজেলার বিভিন্ন রাস্তায় সোলার ষ্ট্রিট লাইট স্থাপন। (ক) ওড়াকান্দি ইউনিয়নে তিলছড়া হতে রাজপাট পর্যন্ত রাস্তায় সোলার লাইট স্থাপন। (খ)। বেথুড়ী ইউনিয়নে রামদিয়া ব্রীজ হতে ঠাকুর বাড়ী পর্যন্ত সোলার লাইট স্থাপন। ২। উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীদের জন্য হাইজিন কর্ণার স্থাপন। উপজেলা প্রকৌশলী যত দ্রুত সম্ভব প্রাক্কলন ও ড্রইং প্রস্তুত করে প্রকল্প ম্যানেজমেন্ট ইউনিটে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপজেলা পরিষদের অবশিষ্ট ৪৭৫০০০/- (চার লক্ষ পচাত্তুর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হলো। ০৪) উপজেলা পরিষদের মালী ও পরিচ্ছন্নতা কর্মীর মোট ৪৬ দিনের দৈনিক মজুরী মঞ্জুর করা হলো। ০৫) ক) উপজেলার বিভিন্ন রাস্তায় সোলার ষ্ট্রিট লাইট স্থাপন। উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীদের জন্য হাইজিন কর্ণার স্থাপন। প্রকল্প প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষকে প্রেরণ করতে হবে।	

১৩/০১/২২

(সুব্রত ঠাকুর)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা।
কাশিয়ানী, গোপালগঞ্জ।

স্মারক নং- ৪৬.০০.৩৫৪৩,০০০.০৬.০০১.২২-০৩ (৫০)

তারিখ: ২৯ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

১। মাননীয় সংসদ, ২১৫ নির্বাচনী এলাকা, গোপালগঞ্জ-১
২। মাননীয় সংসদ, ২১৬ নির্বাচনী এলাকা, গোপালগঞ্জ-২
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৭। চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ কার্যালয় কাশিয়ানী, গোপালগঞ্জ।

২৬/০১/২২

(রথীন্দ্র নাথ রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেল পরিষদ
কাশিয়ানী,গোপালগঞ্জ।